



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
জেলা সমবায় কার্যালয়, রাজশাহী।  
জেলা সমবায় অফিস  
৫৭, মোল্লামিল মোড়, শিরোইল, ঘোড়ামারা, বোয়ালিয়া, রাজশাহী।  
www.cooperative.rajshahi.gov.bd

নম্বর: ৪৭.৬১.৮১০০.০০০.০০০.৪২.০১২৫.২৬.১১৯২

তারিখ: ২ আষাঢ় ১৪৩৩  
১৬ জুন ২০২৬

### শুনানীর নোটিশ

বিষয়: সূর্যমুখী মহিলা সমবায় সমিতি লিঃ, বাগমারা, রাজশাহী এর নিবন্ধন বাতিল সংক্রান্ত শুনানির নোটিশ।

সূর্যমুখী মহিলা সমবায় সমিতি লিঃ নিবন্ধন নং-৬৭৫ তারিখ: ১৮-০৬-২০১৩ খ্রি.গ্রাম: হাটগাংগোপাড়া, পো. হাটগাংগোপাড়া উপজেলা: বাগমারা, জেলা: রাজশাহী এর কার্যক্রম দীর্ঘ ০১(এক) বৎসর যাবৎ অকার্যকর থাকায় জেলা সমবায় অফিস, রাজশাহী কর্তৃক স্মারক নং ৯০৮ তারিখ: ১৩/০৫/২০২৬ খ্রি. মূলে বাতিলের নোটিশ জারি করা হয়। তৎপ্রেক্ষিতে সমিতির উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক অত্র দপ্তরে আবেদন দাখিল করা হয়। সমিতির কর্তৃপক্ষ কর্তৃক আবেদনের প্রেক্ষিতে আগামী ১৮-০৬-২০২৬ খ্রি. তারিখ সকাল ১০.০০ ঘটিকায় নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে শুনানি অনুষ্ঠিত হবে। সমিতির প্রয়োজনীয় রেকর্ডপত্রসহ (সভা বহি, ক্যাশ বুক, সভার কার্য বিবরণী বহি, নির্বাচন রেজিস্টার, উপ-আইন এবং মূল নিবন্ধন সনদসহ অন্যান্য সকল পত্রাদি) শুনানি কালে সমিতির সভাপতি, সাধারণ সম্পাদকসহ ব্যবস্থাপনা কমিটির সদস্যগণকে উপস্থিত থাকার জন্য বলা হলো। শুনানিকালে সমিতির উপযুক্ত প্রতিনিধি অনুপস্থিত থাকলে সংশ্লিষ্ট সমিতির বিরুদ্ধে সমবায় সমিতি আইন, ২০০১ এর ৫৩ ধারায় ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৬-০৬-২০২৬

মো: আবু সাইফ

জেলা সমবায় কর্মকর্তা

ফোন : ০২৫৮৮৮৫০২৫৪

ফ্যাক্স : ০২৫৮৮৮৫০২৫৪

ইমেইল : dco.rajshahi1@coop.gov.bd

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মোসাঃ খতেজান বিবি সভাপতি, ব্যবস্থাপনা কমিটি, সূর্যমুখী মহিলা সমবায় সমিতি লিঃ সমবায় সমিতি লিঃ, গ্রাম- হাটগাংগোপাড়া, পোঃ হাটগাংগোপাড়া উপজেলা- বাগমারা, জেলা- রাজশাহী। মোবাইল নং ০১৭১৮৮২২২১৮, ০১৭৪০৯৪৬৮৫০, .।
- ২। মো: কাউসার আলী উপজেলা সমবায় অফিসার, বাগমারা, রাজশাহী সভাপতির পত্রটি প্রাপ্তি নিশ্চিত করার জন্য বলা হলো।।

